



ভালুকা

প্রশিক্ষণের নামে প্রতারণা?

ভালুকা (ময়মনসিংহ) থেকে সংবাদদাতা ॥ জেলা শিক্ষা অফিসের নির্দেশে ভালুকা উপজেলার এমপিওভুক্তি ৮৮টি উচ্চ বিদ্যালয়/দাখিল মাদ্রাসার শিক্ষকদের শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং শিক্ষকদের আরো সমৃদ্ধ হওয়ার লক্ষ্যে মাধ্যমিক স্তরের কমিউনিকেশন ইংলিশ বিষয়ের উপর পাঠদান, প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন ও নিরীক্ষণ সংক্রান্ত ওয়ার্কশপে যোগদানের আয়োজনের নামে প্রতি বিদ্যালয়/মাদ্রাসা থেকে ১ হাজার টাকা করে ব্যাংক রসিদের মাধ্যমে আদায়ের অভিযোগ রয়েছে।

অভিযোগে প্রকাশ, ময়মনসিংহ জেলা শিক্ষা অফিসার নির্দেশপত্র-এর স্মারক নং- ৪২১ (১৭২) তারিখ ১৫/০৪/২০০২ইং মোতাবেক 'ভালুকা উপজেলার মাধ্যমিক স্তরের বিদ্যালয় এবং মাদ্রাসাসমূহে শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং শিক্ষকদের আরো সম্পৃক্ত হওয়ার লক্ষ্যে মাধ্যমিক স্তরের কমিউনিকেশন ইংলিশ বিষয়ের উপর পাঠদান, প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন ও নিরীক্ষণ সংক্রান্ত ও শিক্ষকের শিক্ষা ক্ষেত্রে আরও সমৃদ্ধ হওয়ার লক্ষ্যে একটি একদিনের কর্মশালা আগামী ০৩/০৫/২০০২ইং তারিখে অনুষ্ঠিত হবে। এই কর্মশালায় যোগদানকারী ৮৮টি বিদ্যালয়/মাদ্রাসার শিক্ষকদের কাছ থেকে ব্যাংক রসিদের মাধ্যমে অগ্রণী ব্যাংক ভালুকা শাখা সঞ্চয়ী হিসাব নং-৮০১০-এর রসিদের মাধ্যমে ১ হাজার টাকা করে আদায় করা হচ্ছে। এই টাকা প্রদানে অনীহা প্রকাশকারী প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতন বন্ধ করে দেওয়ার হুমকি প্রদান করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। ইতিমধ্যে উপজেলার ১২টি বিদ্যালয়/মাদ্রাসার উল্লিখিত টাকা প্রদান না করায় বেতন দেওয়া হচ্ছে না বলে জানা যায়। বিষয়টির সম্পর্কে জেলা শিক্ষা অফিসারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, বেতন বন্ধ রেখে টাকা আদায়ের কোন নির্দেশ আমি প্রদান করিনি। একটি সূত্রজ্ঞানায়, উল্লিখিত সঞ্চয়ী হিসাব নম্বরটি কয়েকজন শিক্ষকের নামে। ফলে স্থানীয় শিক্ষকদের মাঝে এই ঘটনায় চরম সন্দেহের সৃষ্টি হয়েছে এবং বিষয়টি তদন্তপূর্বক পদক্ষেপ গ্রহণ করার জন্য শিক্ষক সমাজ দাবী জানিয়েছে।